# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

# Dakshinbanga Matsyajibi Forum (D.M.F.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এস.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmfwestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- রামরামপুর (হালদারপাড়া), ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫ ।


মেমো নং- ডি.এম.এফ./জি.এস. – ১৪/২৫ (১৪) তাং ২১-০৫-২০২৫

প্রতি –

১। মাননীয় বন মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার, অরণ্য ভবন, সল্ট লেক, কলকাতা- ৭০০১০৬।
২। মাননীয় মৎস্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার, আই টি টাওয়ার, সল্ট লেক, কলকাতা- ৭০০০৯১।
৩। মাননীয় প্রিন্সিপ্যাল সেক্রেটারি, মৎস্য দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, আই টি টাওয়ার, সল্ট লেক, কলকাতা- ৭০০০৯১।
৪। মাননীয় প্রিন্সিপ্যাল সেক্রেটারি, বন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, অরণ্য ভবন, সল্ট লেক, কলকাতা- ৭০০১০৬।
৫। মাননীয় চিফ কনজারভেটর অস ফরেস্ট, হেড অফ ফরেস্ট ফোর্স, পশ্চিমবঙ্গ সরকার, অরণ্য ভবন, সল্টলেক, কলকাতা- ৭০০১০৬।
৬। মাননীয় জেলাশাসক, দক্ষিণ ২৪ পরগণা।
৭। মাননীয় সহ-মৎস্য অধিকর্তা (সামুদ্রিক), ডায়মন্ড হারবার।
৮। মাননীয় ডিভিসনাল ফরেস্ট অফিসার, দক্ষিণ ২৪ পরগণা।
৯। মাননীয় ফিল্ড ডাইরেক্টর, সুন্দরবন টাইগার রিজার্ভ, ক্যানিং, দক্ষি ণ ২৪ পরগণা।
১০। মাননীয় ডিরেক্টর জেনারেল অফ পুলিশ, পশ্চিমবঙ্গ সরকার।
১১। মাননীয় সুপারিন্টেনডেন্ট অফ পুলিশ, ডায়মন্ড হারবার পুলিশ ডিসট্রিক্ট।
১২। মাননীয় সুপারিন্টেনডেন্ট অফ পুলিশ, সুন্দরবন পুলিশ ডিসট্রিক্ট।
১৩। মাননীয় মহকুমা শাসক, ডায়মন্ড হারবার
১৪। মাননীয় মহকুমা শাসক, কাকদ্বীপ।

বিষয়ঃ-সুন্দরবন ফরেস্ট সত্যাগ্রহ।

মহাশয় / মহাশয়া,

সুন্দরবনের হাজার হাজার ক্ষুদ্র মৎস্যজীবীর উপর ব্যাঘ্র ও অন্যান্য বন্যপ্রাণ সংরক্ষণের নামে বন দপ্তরের লাগাতার অত্যাচার ও দমন-পীড়ণের বিরুদ্ধে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম শান্তিপূর্ণ ও অহিংস সত্যাগ্রহের ডাক দিয়েছে। এই ঐতিহাসিক আন্দোলনে আপনার সমর্থন ও সহযোগিতা একান্তভাবে কাম্য। এই ঐতিহাসিক আন্দোলনের কর্মসূচি অনুসারে শতাধিক সত্যাগ্রহী ৮ই জুন ২০২৫ রবিবার সকাল ৮টায় ডায়মন্ড হারবারের সুলতানপুর ফিশিং হারবার থেকে পদযাত্রা শুরু করবেন। ১০ই জুন ২০২৫ মঙ্গলবার এই পদযাত্রা নামখানা ব্লকের দ্বারিকনগরের সীমাখালে পৌঁছবে। ১১ই জুন ২০২৫ মঙ্গলবার সত্যাগ্রহীরা নৌকাযোগে সকাল ১০ টায় লোথিয়ান ওয়াইল্ডলাইফ স্যাংচুয়ারিতে পা রেখে ফরেস্টের নিষেধাজ্ঞা ভঙ্গ করবেন। এরপর এই অহিংস আন্দোলন দাবি পূরণ না হওয়া পর্যন্ত সারা সুন্দরবন জুড়ে লাগাতার চলবে।


DEPARTMENT OF FORESTS RECEIVED Sub Content not Verified Govt. of West Bengal
22 MAY 2025
Received Contents Not Verified For P.C.C.F. WB
RECEIVED 22.5.25 M.O.S

# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

## Dakshinbanga Matsyajibi Forum (D.M.F.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এস.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmfwestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- রামরামপুর (হালদারপাড়া), ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫ ।

আমাদের দাবি-

১। অবিলম্বে সুন্দরবনের নদী-খাঁড়ি-জঙ্গলের সর্বত্র মাছ-কাঁকড়া শিকারের উপর একতরফা নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে হবে এবং মৎস্যজীবীদের উপর অত্যাচার বন্ধ করতে হবে।

২। সুন্দরবনের নদী-খাঁড়ি-জঙ্গলে তিন মাস মাছ শিকার বন্ধের সময় মাসে ৫০০০ (পাঁচ হাজার) টাকা জীবিকা সহায়তা প্রদান করতে হবে।

৩। ব্যাঘ্র ও অন্যান্য বন্য প্রাণের আক্রমণে নিহত এবং ঝড়ে জঙ্গলে আশ্রয় না পেয়ে সমুদ্রে মৃত মৎস্যজীবীদের বিধবা ও অসহায় পরিবারবর্গকে সম্মানজনক জীবনযাপনের জন্য আর্থিক সহায়তা প্রদান করতে হবে।

বিনীত,

Milan Das

মিলন দাস
সাধারণ সম্পাদক
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম
মোঃ- ৯৮০০২৬৬২৬৫
ইমেলঃ mdas1640@gmail.com